গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়,
উপজেলা সমবায় কার্যালয়, বাগেরহাট সদর,
বাগেরহাট।

# সিটিজেন চার্টার

রুপকল্প (Vision): মানব সম্পদ, কৃজিষসম্পদ, ও অন্যান্য সম্পদের সর্বোত্তম ব্যবহারের লক্ষ্যে সেকসই ও গণমুখী সমবায় আন্দোলন গড়ে তোলা

অভিলক্ষ্য (Mission Statement): সমবায়ের মাধ্যমে দারিদ্রহাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন ।

কৌশল (Strategy)ঃ দেশের সকল শ্রেণী পেশার মানুষকে সমবায় আদর্শে উদ্বুদ্ধ করণের মাধ্যমে টেকসই সমবায় গঠন, পঁজি গঠন ও সুষ্ঠু বিনিয়োগের মাধমে সমবায়ীদের আর্থ সামাজিক উন্নয়ন এবং জাতীয় অর্থনীতিতে সমবায় খাতের অবদান বৃদ্ধিকরণ ।

## নাগরিকসেবা

| ক্রঃনং | সেবার নাম | সেবা প্রদার সময়সীমা | প্রয়োজনীয় কাগজপত্র এবংপ্রাপ্তিস্তান | সেবামূল্য এবংপরিশোধ পদ্ধতি | সেবা প্রদান পদ্ধতি | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
| ০১ | প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধন | ৭-৬০ দিন | ১। আবেদনপত্র ।<br>২। নিবন্ধন ফি এর ট্রেজারি চালানের মূল কপি ।<br>৩। সকল কাগজপত্র যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত হইতে হইবে ।<br>৪। সমিতির সংগঠকের নাম ও ঠিকানা ।<br>৫। উপ-আইনে স্বাক্ষরকারীদের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি অথবা ইউপি চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের কপি ।<br>৬। উপ-আইনে স্বাক্ষরকারী সদস্য সমিতির প্রতিনিধিত্বকারী ব্যক্তির ১ প্রস্’ সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি ও সদস্যদের মোবাইল/ফোন নম্বর ।<br>৭। বিদ্যমান সমবায় সমিতি আইন, বিধিমালা, উপ-আইন, বিভিন্ন সময়ে জারিকৃত সরকারের নির্দেশনা পালনের অঙ্গীকারনামা (দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক) ।<br>৮। সাংগঠনিক সভার শুরু থেকে আবেদনের তারিখ পর্যন্ত জমা | ক) সরকারি কর্মসূচির আওতায় দারিদ্র বিমোচনের লক্ষে গঠিত প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধনের ক্ষেত্রে নিবন্ধন ফি ৫০/- ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিতে হয় এবং ভ্যাট বাবদ আরো ৭.৫০ টাকা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিতে হয় ।<br>খ) সরকারি কর্মসূচির আওতায় দারিদ্র বিমোচনের লক্ষে গঠিত প্রাথমিক সমবায় সমিতি ব্যতিত অন্যান্য প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের ক্ষেত্রে নিবন্ধন ফি ৩০০/- ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিতে হয় এবং ভ্যাট বাবদ আরো ৪৫ টাকা চালানের মাধ্যমে সরকারি | প্রাথমিক প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধনের ক্ষেত্রে ১৮ (আঠার) বয়সের উর্দ্ধে কমপক্ষে ২০ (বিশ) জন সাধারণ জনগণের আবেদন এবং সমবায় সমিতি নীতিমালা, ২০১৩ অনুমায়ী উপজেলা সমবায় অফিস, বাগেরহাট সদর, বাগেরহাট এ দাখিলের পর উক্ত আবেদপত্র উপজেলা সমবায় অফিসার নিজে অথবা সহকারী পরিদর্শকদ্বারা সরেজমিনে যাচাই শেষে উপজেলা সমবায় অফিসার যদি এই মর্মে সন্তুষ্ট হন যে দাখিলকৃত কাগজপত্র সঠিক আছে তবে তিনি -<br>ক) সরকারের উন্নয়ন প্রকল্পের আওতাভুক্ত প্রথমিক সমবায় সমিতির ক্ষেত্রে সমবায় অধিদপ্তরের সাথে সংশ্লিষ্ট দপ্তরের সমঝোতা স্মারক (গঙট)থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্থানীয় কর্মকর্তার নিকট থেকে নিবন্ধনের সুপারিশ সম্বলিত প্রত্যয়নপত্র প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে উপ-আইনসহ যাবতীয় রেকর্ডপত্র নিবন্ধন প্রদান করে নিবন্ধন সনদ ইস্যু করবেন । কিন্তু উপজেলা সমবায় অফিসার যদি মনে করেন যে, দাখিলকৃত কাগজপত্র নিবন্ধন প্রদানের জন্য যথেষ্ট নয় তাহলে তিনি আবেদন প্রাপ্তির সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদন না মঞ্জুর করবেন এবং না মঞ্জুরের কারন লিখিত ভাবে আবেনকারীকে জানাবেন । | ০১। উপজেলা সমবায় অফিসার, বাগেরহাট সদর, বাগেরহাট ।<br>০২। জেলা সমবায় অফিসার, বাগেরহাট ।<br>০৩। উপ-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যলয়, (বিচার), খুলনা । |
| ০২ | উপ-আইন সংশোধন | ৭-৬০ দিন | ১। নিদিষ্ট ফরমেট অনুযায়ী উপ-আইন সংশোধনের আবেদনপত্র ।<br>২। উপ-আইন সংশোধন সংক্রান্ত সাধারণ সভার রেজুলেশনের কপি ।<br>৩। সকল কাগজপত্র যথাযত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত হতে হবে । | বিনামূল্যে | প্রাথমিক সমবায় সমিতির ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক উপজেলা সমবায় অফিস, বাগেরহাট সদর, বাগেরহাট এ উপ-আইন সংশোধন সংক্রান্ত আবেদন সমবায় সমিতি আইন,ও বিধিমালা অনুযায়ী দাখিল করতে হবে । দাখিলকৃত রেকর্ডপত্র উপজেলা সমবায় অফিসার | জেলা সমবায় অফিসার, বাগেরহাট । |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | ৪ । সাধারণ সভা অনুষ্ঠানের নোটিশ ।<br>৫ । সমিতির বিদ্যমান উপ-আইনের কপি ।<br>৬ । নিবন্ধন সনদের কপি ।<br>৭ । সংশোধিত উপ-আইনের তিন কপি ।<br>৮ । সদস্য বহির ফটোকপি ।<br>৯ । সংশ্লিষ্ট নিবন্ধক প্রয়োজনে অতিরিক্ত কাগজ চাহিতে পারবেন ।<br>১০ । কাগজপত্র যথা সম্ভব একই মাপে প্রস্তুত করতে হবে ।<br>১১ । কাটাকাটি ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার বর্জনীয় । | | নিজে অথবা সহকারী পরিদর্শকদ্বারা সরেজমিনে যাচাই করে যাচাই মন্তব্য সহ রেকর্ডপত্র জেলা সমবায় অফিসার বরাবর অগ্রায়ণ করবেন । আবেদন প্রাপ্তির পর জেলা সমবায় অফিসারের বিবেচনায় সমিতির উপ-আইন সংশোধনযোগ্য হলে সংশোধনের আদেশ প্রদান এবং উপ-আইন সংশোধন সংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র উপজেলা সমবায় কার্যালয়ের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করবে । সংশোধন সংক্রান্ত কোন আপত্তি থাকলে সরেজমিনে তদন্তকরিয়ে তদন্ত প্রতিবেদনের আলোকে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান বা উপ-আইন সংশোধন নামঞ্জুর করে যাবতীয় রেকর্ডপত্র উপজেলা সমবায় কার্যালয়ের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করবে । | |
| ০৩ | একাডেমীক প্রশিক্ষণ প্রদান | ৫-১৫ দিন | ০১ । জেলা সমবায় অফিসার, বাগেরহাট এর প্রশিক্ষণের মনোনয়ন আদেশ ।<br>০২ । জাতীয় পরিচয়পত্রের কপি ।<br>০৩ । সমিতির সদস্য প্রমানের জন্য সদস্য বহি / অডিট প্রতিবেদনের সংশ্লিষ্ট পাতার সত্যায়িত কপি ।<br>০৪ ।প্রশিনার্থীর মোবাইল নং । | বিনামূল্যে | সমিতির পরিচালনা সংক্রান্ত, সমিতির আয়-ব্যয় এর হিসাব সংক্রান্ত, আয়বর্ধক কর্মকান্ড পরিচালনা, আত্ম-কর্মসংস্থানের লক্ষে কম্পিউটার প্রশিক্ষণ, সেলাই, পশুপালন, মৎস্যচাষ, মৌ মাছি চাষ, ব্লক বাটিক প্রশিক্ষণ, মোবাইল সার্ভিসিং, ইলেক্ট্রনিক্স ইত্যাদি বিষয়ে নিবন্ধিত সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে । উক্ত প্রশিক্ষণ প্রদানের জন্য বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ি, কুমিলা সহ এর আওতাধীন ১০ (দশ) টি আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট রয়েছে । উক্ত প্রশিক্ষণ কেন্দ্র প্রতিবছর প্রশিক্ষণ বর্ষপুঞ্জি মোতাবেক বাগেরহাট জেলার নিদিষ্ট সংখ্যক সমবায়ী প্রেরণ করার জন্য আদেশ প্রদান করেন । যে অনুযায়ী জেলা সমবায় অফিসার, বাগেরহাট অত্র জেলাধীন উপজেলা সমবায় অফিসারগণকে প্রশিক্ষনার্থী মনোনয়ণ প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন । উপজেলা সমবায় অফিসার চিতলমারী, বাগেরহাট প্রশিক্ষনার্থী মনোনয়নের জন্য আদেশ প্রাপ্ত হয়ে নিজে অথবা তার দপ্তরে দাখিলকৃত সমিতির আবেদনের প্রেক্ষিতে প্রশিক্ষনার্থী নির্বাচন করেন । নির্বাচিত প্রশিক্ষনার্থীকে জেলা সমবায় অফিসার, বাগেরহাট সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রের জন্য প্রশিক্ষণ গ্রহণের জন্য আদেশ প্রদান করে থাকেন । প্রশিক্ষণ কেন্দ্রে থেকে প্রশিক্ষণ গ্রহণ শেষে প্রশিক্ষনার্থীকে সনদ প্রদান এর মাধ্যমে প্রশিক্ষণ সমাপ্ত হয় । | বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ি, কুমিলা সহ এর আওতাধীন ১০ (দশ) টি আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট |
| ০৪ | ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান | ০১ দিন | উপজেলা সমবায় অফিসার, চিতলমারী বাগেরহাট এর নিকট সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটি/ সংশ্লিষ্ট সমবায়ীর কর্তৃক প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছা প্রকাশ । | বিনামূল্যে | জেলা সমবায় কার্যালয়, বাগেরহাট এ একটি ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট রয়েছে । উক্ত ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট তাদের বর্ষপুঞ্জি মোতাবেক অত্রজেলাধীন উপজেলাসমূহে উপজেলা সমবায় অফিসার কর্তৃক মনোনীত নিবন্ধিত বিভিন্ন সমবায় সমিতির সদস্যদের সমবায় ব্যবস্থাপনাসহ স্থানীয় সেবা প্রদানকারী সংস্থার সহযোগীতায় কষি, মৎস্য, পশুপালন, বাল্যবিবাহ রোদ, যৌতুক নিরোদ সহ বিভিন্ন বিষয়ে বিষয় বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করেন । | জেলা সমবায় কার্যালয়, বাগেরহাট এর ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৫ | বার্ষিক বাজেট অনুমোদন | ০৩ থেকে ০৭ কর্মদিবস | বার্ষিক সাধারণ সভার কার্যবিবরনী প্রস্তাবিত বাজেট । বাজেটের যৌক্তিকতা সম্পর্কিত প্রতিবেদন ক্ষমতাপ্রাপ্ত ব্যাক্তি বর্গের আবেদন । | বিনামূল্যে | যে সকল সমবায় সমিতিতে সরকারের শেয়ার, ঋণ ও গ্যারান্টি আছে সে সকল সমবায় সমিতির বার্ষিক বাজেট নিম্নলিখিত ভাবে অনুমোদিত হয় । সমবায় সমিতির বার্ষক সাধারণ সভা নির্ধারিত পদ্ধতি অনুসরণপূর্বক আলোচ্য সূচি অনুযায়ী প্রস্তাবিত বাজেট অনুমোদন করে ক্ষমতাপ্রাপ্ত ব্যাক্তি / ব্যাক্তিবর্গ কর্তৃক উপজেলা সমবায় অফিসার, বাগেরহাট সদর,বাগেরহাট বরাবর দাখিল করার পর দাখিলকৃত বাজেট উপজেলা সমবায় অফিসার কর্তৃক যাচাই বাছাই করে তার মন্তব্য সহ জেলা সমবায় অফিসার, বাগেরহাট বরাবর প্রেরণ করা হয় । জেলা সমবায় অফিসার, বাগেরহাট প্রেরিত বাজেট যাচাই বাচাই করে অনুমোদন করেন । অনুমোদনের কপি সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসার ও সমবায় সমিতির কর্তৃপক্ষের নিকট প্রেরণ করেন । | জেলা সমবায় অফিসার, বাগেরহাট । |
| ০৬ | সমিতির বার্ষিক হিসাব নিরীক্ষা | ১৫ দিন থেকে ১৮০ দিন । | ০১ । সমবায় বর্ষ শেষ হওয়ার ৩০ দিনের মধ্যে সমিতির হিসাব বিবরনী প্রস্তুত করে উপজেলা সমবায় অফিসে দাখিল করতে হবে । ০২ । নিরীক্ষার প্রয়োজনে নিরীক্ষা কর্মকর্তার চাহিদা মোতাবেক হিসাব বিবরনী তার নিকট উপস্থাপন করতে হবে । ৩ ।সমিতিতে রক্ষিত যাবতীয় রেকর্ডপত্র যাচাইয়ের জন্য নিরীক্ষা অফিসারের নিকট উপস্থাপন করতে হবে । ৪ । সমিতির হিসাব হাল নাগদ না থাকলে নিরীক্ষা কর্মকর্তা সমিতির খরচে তা লিপিবদ্ধ করতে পারবে । | নিরীক্ষার ভিত্তিতে সমবায় সমিতিতে নীট লাভের ১০%অডিট ফিএবং ধার্যকৃত অডিট ফি এর ১৫% মূল্য সংযোজন কর হিসাবে সরকারী কোষাকারে জমা প্রদান করা । | এই সেবা পেতে কোন সমবায় সমিতিকে সংশ্লিষ্ট সমবায় বছরে কার্যকর থাকতে হয় । সমিতির শেয়ার মূলধনের পরিমান ৫০,০০০ /- টাকার উর্দ্ধে হলে জেলা সমবায় অফিসার, বাগেরহাট এবং শেয়ার মূলধনের পরিমান ৫০,০০০/- টাকার কম হলে উপজেলা সমবায় অফিসার, বাগেরহাট সদর, বাগেরহাট তার অধিনস্থ কর্মকর্তা/ কর্মচারিদের নামে নিরীক্ষা বরাদ্দ করে থাকেন । নিয়োগকৃত নিরীক্ষা কর্মকর্তাগণ নিরীক্ষা শুরুর ১৫দিন পূর্বে নোটিশ জারি করে নির্ধারিত তারিখে সমিতির অফিসে বসে আইন, বিধিমালা, সংশ্লিষ্ট সমিতির উপ-আইন ও সারকুলার মোতাবেক প্রস্তুতকৃত হিসাব বিবরনী যাচাই করে প্রতিবেদন প্রস্তুত করে সংশ্লিস্ট সমবায় অফিস এবং সমিতির অফিসে প্রেরণ করবে । | ক) জেলা সমবায় অফিসার বাগেরহাট । খ)উপজেলা সমবায় অফিসার, বাগেরহাট সদর, বাগেরহাট । |
| ০৭ | নির্বাচন কমিটি নিয়োগ | নির্বাচন অনুষ্ঠানের ৪৫ থেকে ৪০ দিন পূর্বে । | ০১ । নির্বাচন কমিটি গঠন সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির রেজুলেশন । ০২ । নির্বাচন কমিটির সদস্যগণ নির্বাচন পরিচালনায় অগ্রহ থাকা সংক্রান্ত সংশিষ্ট ব্যাক্তির প্রত্যয়ণ । ০৩ । নির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত সাধারণ সভা/ বিশেষ সাধারণ সভার নোটিশ এর কপি । ০৪ । খসড়া ভোটার তালিকার কপি । | বিনামূল্যে | সমিতির শেয়ার মূলধনের পরিমান ৫০,০০০/- টাকার উর্দ্ধে হলে নির্বাচন অনুষ্টান করতে হলে নির্বাচন অনুষ্ঠানের নূন্যতম ৪৫ দিন পূর্বে নির্বাচন কমিটি নিয়োগের জন্য উপজেলা সমবায় অফিসার, বাগেরহাট সদর, বাগেরহাট এর মাধ্যমে জেলা সমবায় অফিসার, বাগেরহাট এর বরাবর আবেদন দাখিল করতে হয় । দাখিলকৃত আবেদনপত্রটি যাচাই বাছাই করে নির্বাচন অনুষ্ঠানের কমপক্ষে ৪০ দিন পূর্বে নির্বাচন কমিটি গঠনের আদেশ জারি করেন এবং আদেশ সংশ্লিষ্ট নির্বাচন কমিটি, সমিতি ও উপজেলা সমবায় অফিস, বাগেরহাট সদর, বাগেরহাট এ প্রেরণ করেন । | জেলা সমবায় অফিসার, বাগেরহাট |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৮ | অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন | ০৩দিন থেকে ০৭ দিন। | ১। অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন সংকান্ত ব্যবস্থাপনা কমিটি গঠন সংক্রান্ত রেজুলেমনের কপি।<br>২। অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ দায়িত্ব পালনে অগ্রহ থাকা সংক্রান্ত সংশিষ্ট ব্যাক্তির প্রত্যয়ণ।<br>৩। অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠনের জন্য সমিতির আবেদন | বিনামূল্যে | ব্যবস্থাপনা কমিটির মেয়াদের মধ্যে পরবর্তী ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠান না করার করনে মেয়াদ শেষে ব্যবস্থাপনা শূন্যতা দেখাদেয়। এমতাবস্থায় সংশ্লিষ্ট সমিতির আবেদন এর প্রেক্ষিতে অথবা আবেদন না করলেও সংশ্লিস্ট কর্তৃপক্ষ নিজ উদ্যোগে অন্ত বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়। সমিতির শেয়ার মূলধনের পরিমান ৫০,০০০ টাকার উর্দ্ধে হলে জেলা সমবায় অফিসার, বাগেরহাট এবং শেয়ার মূলধনের পরিমান ৫০,০০০/- টাকার কম হলে উপজেলা সমবায় অফিসার, বাগেরহাট সদর, বাগেরহাট এবং কেন্দ্রীয় সমিতি যুগ্ম-নিবন্ধক, খুলনা অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন করে থাকেন। | ০১ উপজেলা সমবায় অফিসার, বাগেরহাট সদর, বাগেরহাট।<br>০২। জেলা সমবায় অফিসার, বাগেরহাট।<br>০৩। যুগ্ম- নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা। |
| ০৯ | আধা-বিচারিক | ১৫ দিন থেকে ৯০ দিন। | ০১। বিরোধ এর বিষয়ে লিখিত বিবরণ।<br>০২। লিখিত বিবরণের সাথে বিরোধ সংক্রান্ত প্রামন দাখিল। | ১০০ টাকার কোর্ট ফি সংযুক্ত করতে হবে। | সমবায় সমিতির কোন কার্যক্রম / নির্বাচন পরিচালার সংক্রান্ত উদ্ভুত বিরোধ এর বিষয়ে সমিতির সদস্য বা সংক্ষুদ্ধ ব্যাক্তি বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বিরোধ মামলা দায়ের করতে পারেন। প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে জেলা সমবায় অফিসার, বাগেরহাট এবং কেন্দ্রীয় সমিতির ক্ষেত্রে যুগ্ম-নিবন্ধক, খুলনা এর বরাবর সরাসরি মামলা দায়ের করতে পারেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অভিযোগ প্রাপ্তির পর তারিখ, স্থান, সময় উল্লেখ করে উভয় পক্ষকে শুনানীর নোটিশ জারি করেন। নোটিশ মোতাবেক উভয় পক্ষের শুনানী গ্রহণ পূর্বক রায় প্রদান করেন। রায়ে কোন পক্ষ বা ব্যাক্তি সংক্ষুব্ধ হলে সংক্ষুবদ্ধ পক্ষ রায় প্রদানকারী কর্তৃপক্ষের উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট আপিল দাখিল করতে পারেন। আপীল রায়ের মাধ্যমে বিরোধটি নিস্পত্তি হয়ে থাকে। | ০১। জেলা সমবায় অফিসার, বাগেরহাট।<br>০২। যুগ্ম- নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।<br>০৩। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা। |
| ১০ | অভিযোগত দন্ত ও প্রতিকার | নির্ধারিত কোন সময়সীমা নেই। | ০১। অভিযোগকারীর অভিযোগের লিখিত আবেদন।<br>০২। অভিযোগপত্রের সাথে অভিযোগের স্ব-পক্ষ প্রামন দাখিল। | বিনামূল্যে | সমবায় সমিতি আইন,২০০১ এর ৪৯ ধারা অনুযায়ী কোন বিষয়ে কোন সমিতির অর্থসরবরাহকারীসংস্থা, সমিতির ১০% সদস্যের আবেদন করে, ব্যবস্থাপনা কমিটির এক-তৃতীয়াংশ সদস্য যদি কোন বিষয়ে আবেদন করে, নিরীক্ষা প্রতিবেদনের ভিত্তিতে যদি কোন তদন্তের প্রয়োজনীয়তা অনূভুত হয়, মাঠ পর্যায়ের নিবন্ধকের অধঃস্তন কোন অফিসার সুপারিশ করে যদি কোন রিপোর্ট পেশ করে এরুপ অনেক ক্ষেত্রে সমিতির কার্যক্রম তদন্তের নির্দেশ দিতে পারেন। | ০১। জেলা সমবায় অফিসার, বাগেরহাট।<br>০২। যুগ্ম- নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।<br>০৩। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা। |
| ১১ | সমবায় সমিতির বিনিয়োগ প্রস্তাব অনুমোদন | নির্ধারিত কোন সময়সীমা নেই। | বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্তের কপি।<br>বিনিয়োগ সংক্রান্ত প্রকল্প এস্টেটমেন্ট, ডিজাইন, সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষের অনুমোদন | বিনামূল্যে | সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর বিধি ৪৬ অনুমায়ী কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে কোন এক খাতে ১০,০০,০০০/- টাকার অধিক বিনিয়োগের জন্য যুগ্ম-নিবন্ধক, খুলনা এবং প্রথমিক সমবায় সমিতির ক্ষেত্রে কোন এক খাতে ৫,০০,০০০/- টাকার অধিক বিনিয়োগের জন্য জেলা সমবায় অফিসার, বাগেরহাট এর নিকট উপজেলা সমবায় অফিসার, বাগেরহাট সদর, বাগেরহাট এর মাধ্যমে প্রস্তাব প্রেরণ করতে হবে। | ০১। জেলা সমবায় অফিসার, বাগেরহাট।<br>০২। যুগ্ম- নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১২ | সমবায় সমিতি পরিদর্শন | নির্ধারিত কোন সময়সীমা নেই। | পরিদর্শনকারী কর্মকর্তা কর্তৃক চাহিত সমিতির যাবতীয় রেকর্ড পত্র। | বিনামূল্যে | সমবায় সমিতি আইন, ২০০১ এর ৪৮(২) ধারা মোতাবেক নিবন্ধক বা নিবন্ধকের নিকট থেকে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যাক্তি যে কোন সমবায় সমিতির রেকর্ডপত্র পরিদর্শন করতে পারবেন। | ০১ ।উপজেলা সমবায় অফিসার, বাগেরহাট সদর, বাগেরহাট। ০২। জেলা সমবায় অফিসার, বাগেরহাট। ০৩। যুগ্ম- নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা। ০৪। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা। |
| ১৩ | প্রত্যায়িত নকলের ফি নির্ধারন | নির্ধারিত কোন সময়সীমা নেই | যে নকলচাওয়া হয় তার স্বপক্ষে আবেদনপত্র | চাহিত প্রতিবেদনের আকার অনুসারে ফি নির্ধারিত হবে | প্রতি ১০০ শব্দ বা উহার অংশ বিশেষের জন্য ০৫ (পাঁচ) টাকা হারে প্রত্যায়িত নকলের ফি আদায় করা যাবে। | ০১।উপজেলা সমবায় অফিসার, ০১ ।উপজেলা সমবায় অফিসার, বাগেরহাট সদর, বাগেরহাট। ০২। জেলা সমবায় অফিসার, বাগেরহাট। ০৩। যুগ্ম- নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা। ০৪। নিবন্ধকও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা। |
| ১৪ | জলমহল ইজারায় অংশগ্রহণের প্রত্যয়নপত্র প্রাপ্তি | ০১ -০৩ দিন | সমবায় সমিতির আবেদনপত্র | বিনামূল্যে | জলমহল বরাদ্দ নীতিমালা অনুসারে জলমহল ইজারায় অংশগ্রহণের জন্য মৎস্যজীবী/ মৎস্যচাষী সমিতিগুলো প্রাধিকার প্রাপ্ত। সে ক্ষেত্রে জলমহল ইজারায় অংশগ্রহণের জন্য সমবায় কর্মকর্তার প্রত্যয়নপত্র এর প্রয়োজন হয়। কোন মৎস্যজীবী/ মৎস্যচাষী সমিতি কর্তৃপক্ষ আবেদন করলে উপজেলা সমবায় অফিসার উক্ত আবেদন যাচাই বাছাই করে প্রতেয়নপত্র প্রদান করে থাকেন। | ০১। উপজেলা সমবায় অফিসার, চিতলমারী, বাগেরহাট। |

আমাদের ঠিকানা:

| সমবায় অধিদপ্তর, ঢাকা | বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা | জেলা সমবায় কার্যালয়, বাগেরহাট | উপজেলা সমবায় কার্যালয়, বাগেরহাট সদর, বাগেরহাট |
|---|---|---|---|
| সমবায় ভবন<br>এফ-১০, আগারগাঁও সিভিক সেক্টর<br>ঢাকা- ১২০৭।<br>ফোন: ৯১৪৪৬৭২, ৯১৪৫৫০১<br>coop_bangladesh@yahoo.com<br>coopbd@bttb.net.bd<br>www.coop.gov.bd | বিভাগীয় কমিশনারের সেক্রেটারিয়েট<br>বয়রা, খুলনা।<br>ফোন: ০৪১-৭৬০৪৫০<br>e-mail- jrofficekhulna@gmail.com<br>www.coop.gov.bd | সমবায় ব্যাংক ভবন<br>শালতলা, বাগেরহাট<br>পোষ্ট কোড নং- ৯৩০০<br>ফোন/ফ্যাক্স: ০৪৬৮-৬২৫৬৯<br>e-mail- dcobagerhat@gmail.com<br>www.coop.gov.bd<br>www.cooperative,.bagerhat.gov.bd | উপজেলা পরিষদ ভবন<br>বাগেরহাট সদর, বাগেরহাট<br>ফোন:০৪৬৫২- ৫৬০৭৫<br>e-mail- ucobsadar@gmail.com<br>http://cooparative.sadar.bagerhat.gov.bd/ |


উপজেলা সমবায় অফিসার
বাগেরহাট সদর, বাগেরহাট
ফোন:0464- 62176
ই-মেইল- ucobsadar@gmail.com
http://cooparative,sadar.bagerhat.gov.bd/